দৈনিক বাংলা

তারিখ ...
পৃষ্ঠা ... 1 কলাম ... 6

14

## ঢাকা ভার্সিটির সাপ্তাহিক ছুটি একদিন

(স্টাফ রিপোর্টার)

আগামী ১লা জানুয়ারী থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুদিনের পরিবর্তে একদিন সাপ্তাহিক ছুটি থাকবে। এছাড়া বিশ্ববিদ্যালয়ের আসন্ন শীতকালীন ছুটিও বাতিল করা হয়েছে।

বুধবার বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের এক সভায় উপরোক্ত সিদ্ধান্ত নেয়া হয়। বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আবদুল মান্নান সভায় সভাপতিত্ব করেন।

ছাত্র-ছাত্রীদের শিক্ষা কার্যক্রমের কথা বিবেচনা করে এবং বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সুপারিশক্রমে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে বলে এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়। সিদ্ধান্ত অনুযায়ী ১লা জানুয়ারী থেকে

শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ

## ঢাকা ভার্সিটির

(১-এর পৃঃ পর)

শুধু শুক্রবার সাপ্তাহিক ছুটি থাকবে। এখন থেকে বৃহস্পতিবার কার্যদিবস হিসাবে গণ্য হবে। উল্লেখ্য, বর্তমানে বিশ্ববিদ্যালয়ে বৃহস্পতিবার ও শুক্রবার—এ দুদিন সাপ্তাহিক ছুটি। সভায় শীতকালীন ছুটি বাতিল করে ২৪শে ডিসেম্বর থেকে তিন দিনের খ্রীস্টমাস ছুটি বহাল রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।